ইলিয়াস আলীর সন্ধান দাবীতে সিলেট জেলা বিএনপির কর্মসূচি

চেম্বার ডেস্ক :: বিএনপির সাবেক কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক, সিলেট জেলার সাবেক সফল সভাপতি ও সাবেক এমপি এম ইলিয়াস আলী ও তার গাড়ী চালক আনসার আলী গুমের ১০ বছর পূর্ণ হচ্ছে ১৭ এপ্রিল, রোববার।

এ উপলক্ষ্যে গুমকৃতদের সন্ধানের দাবীতে সিলেট জেলা বিএনপির পক্ষ থেকে কর্মসূচি ঘোষণা করা হয়েছে। কর্মসূচির মধ্যে রয়েছে ১৭ এপ্রিল রোববার সিলেট জেলা বিএনপির পক্ষ থেকে জেলা প্রশাসক বরাবরে স্মারকলিপি প্রদান, জেলার আওতাধীন সকল উপজেলা ও পৌর শাখার পক্ষ থেকে স্ব স্ব উপজেলা নির্বাহী অফিসার বরাবরে স্মারকলিপি এবং বাদ জোহর নগরীর দরগাহে হযরত শাহজালাল (র.) মাজার মসজিদ প্রাঙ্গনে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

এছাড়া ১৮ এপ্রিল সোমবার সিলেট জেলা বিএনপির উদ্যোগে দক্ষিণ সুরমার কুশিয়ারা কনভেনশন হলে দোয়া ও ইফতার মাহফিল অনুষ্ঠিত হবে।

এম ইলিয়াস আলী, ছাত্রদল নেতা ইফতেখার আহমদ দিনার, জুনেদ আহমদ ও গাড়ী চালক আনসার আলী সহ গুমকৃত সকল নেতাকর্মীদের সন্ধানের দাবীতে জেলা বিএনপি ঘোষিত কর্মসূচি সফল করার জন্য জেলা বিএনপি অঙ্গ সংগঠন, জেলার আওতাধীন সকল উপজেলা ও পৌর বিএনপির নেতৃবৃন্দের প্রতি আহ্বান জানিয়েছেন সিলেট জেলা বিএনপির সভাপতি আব্দুল কাইয়ুম চৌধুরী ও সাধারণ সম্পাদক এডভোকেট এমরান আহমদ চৌধুরী প্রমুখ।